



নং-০৭.০৩.০০০০.০০৩.০৪.৪৪৩ (খন্ড-২).১৯ - ১১৮

তারিখ: ২৮/১০/২০২০ খ্রি.

বিষয়ঃ পিআরএল ভোগরত সরকারি কর্মকর্তা/কর্মচারির বেতন বিল হতে সাধারণ ভবিষ্য ভহবিলের চাঁদা কর্তন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। পিআরএলকালীন জিপিএফ চাঁদা কত মাস পর্যন্ত কর্তন করা যাবে এ বিষয়ে কোন সুনির্দিষ্ট নির্দেশনা না থাকায় হিসাবরক্ষণ অফিসসমূহে এতদবিষয়ে ভিন্নতা পরিলক্ষিত হয়। সে প্রেক্ষিতে পিআরএলকালীন জিপিএফ চাঁদা কর্তনের বিষয়ে এ কার্যালয় কর্তৃক প্রেরিতব্য প্রস্তাবের বিষয়ে অর্থ বিভাগের সদয় সিদ্ধান্তের পূর্বে অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে নিম্নোক্ত ব্যবস্থা চালু থাকবে:

- ক) একজন সরকারি কর্মকর্তা/কর্মচারি পিআরএলকালীন পূর্ণসময় অর্থাৎ সর্বোচ্চ ১২ মাস পর্যন্ত বেতন বিল হতে জিপিএফ এর চাঁদা ও অগ্রিম এর কিস্তি কর্তন করতে পারবেন।
- খ) কিন্তু যদি কোন কর্মকর্তা/কর্মচারি আংশিক মাসে অর্থাৎ কোন মাসের ০১ তারিখ ব্যতীত অন্য যে কোন তারিখে চূড়ান্ত অবসরে গমন করেন তবে তিনি উক্ত মাসের বেতন বিল হতে জিপিএফ এর চাঁদা ও অগ্রিম এর কিস্তি কর্তন করতে পারবেন না।
- গ) পিআরএলকালীন সময়ে জমাকৃত জিপিএফ এর চাঁদা ও অগ্রিম এর কিস্তি কর্তনের উপর কোনো সুদ প্রাপ্য হবেন না।
- ঘ) উল্লেখ্য, এ কার্যালয়ের স্মারক নং-০৭.০৩.০০০০.০০৩.৩৫.৪০৩.১৬(খন্ড-১)-৭৬৫ তারিখ: ০৪/০৮/২০২০ খ্রি. এর মাধ্যমে ইস্যুকৃত কার্যবিবরণীর অনুচ্ছেদ-৪ এ পিআরএলকালীন জিপিএফ এর চাঁদা কর্তনের বিষয়ে গৃহীত সিদ্ধান্ত বাতিল বলে গণ্য হবে।

৩। এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়ে আইবাস++ সিস্টেমে প্রয়োজনীয় ব্যবস্থা যুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মামুন-উল-মামান)

অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)

ফোন: ৯৩৬০৮৫৯।

email: adlccga@cga.gov.bd

জাতীয় প্রকল্প পরিচালক

এসপিএফএমএসপি টু এনাবল সার্ভিস ডেলিভারী প্রোগাম
ইউসেপ চেইনী টাওয়ার, ২৫ সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
[দৃঃআঃ কো-অর্ডিনেটর (iBAS++ ও একাউন্টস)]

নং-০৭.০৩.০০০০.০০৩.০৪.৪৪৩ (খন্ড-২).১৯ - ১১৮

তারিখ: ২৮/১০/২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
'অডিট ভবন', ৭৭/৭ কাকরাইল, ঢাকা-১০০০।

[দৃষ্টি আকর্ষণ: এসিএজি (হিসাব)]

২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

[দৃঃ আঃ অতিরিক্ত সচিব, বাজেট-১]

৩। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন), সিজিএ কার্যালয়।

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিজিএ কার্যালয়।

৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।

৬। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।

৭। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।

৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

৯। পিএস টু সিজিএ।

১০। অফিস কপি।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

(মিরাজ আলী)

উপ হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব-২)

ফোন: ৮৩৯২৫২৬।

email: dcgaacc@cga.gov.bd